**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 18-02-2026** **Time: 1.30 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) ইন্ডিয়া এ আই ইম্প্যাক্ট সামিটের ফাঁকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্পেন, ফিনল্যান্ড সহ একাধিক দেশের কয়েকজন বিশ্বনেতার সঙ্গে বৈঠক করছেন।

২) তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, বাস্তব সমস্যা সমাধানের জন্য ভারত কৃত্রিম মেধা বা এইআই-এর ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে।

৩) কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI নিয়ন্ত্রণ করা তাদের কাজ নয় বলে রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস মন্তব্য করেছেন।

৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ আজ বিশাখাপত্তনমে সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসেবে ইন্টারন্যাশনাল ফ্লিট রিভিউ IFR প্রত্যক্ষ করছেন।

৫) নির্বাচন কমিশন আজ ১০ টি রাজ্যে, রাজ্যসভার ৩৭ টি আসনের জন্য ভোটগ্রহণের সূচী ঘোষণা করেছে।

৬) বাংলাদেশের নবনির্বাচিত ১৩তম জাতীয় সংসদের সদস্যরা প্রস্তাবিত সাংবিধানিক সংস্কার পরিষদে অতিরিক্ত শপথ নিতে অস্বীকার করায় উত্তেজনার সৃষ্টি হয়েছে।

৭) পুরুষদের আই সি সি টি-২০ ক্রিকেট বিশ্বকাপের ম্যাচে ভারত আজ নেদারল্যান্ডসের মুখোমুখি হবে।

---

ভারতএ আই ইম্প্যাক্ট সামিটের ফাঁকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ বেশ কয়েকজন বিশ্বনেতার সঙ্গে বৈঠকে বসার কর্মসূচী রয়েছে। সকালে তিনি নতুন দিল্লীর হায়দ্রাবাদ হাউজে স্পেনের রাষ্ট্রপতি পেড্রো স্যাঞ্চেজের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। উভয় নেতা ভারত-স্পেন অংশীদারিত্ব আরও সম্প্রসারিত করার লক্ষ্যে বিভিন্ন ইস্যুতে বিস্তারিত আলোচনা করেন। বিদেশমন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, বাণিজ্য ও অর্থনীতি, ডিজিটাল ক্ষেত্র উদ্ভাবন, স্বাস্থ্য, জলবায়ু পরিবর্তন ও শিক্ষার মত বিভিন্ন বিষয়ে তাঁদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। ভারত-ইইউ সম্পর্কে স্পেনের সমর্থনের জন্য প্রধানমন্ত্রী সেদেশের রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানান।

প্রধানমন্ত্রী মোদী, ফিনল্যান্ডের প্রধানমন্ত্রী অ্যান্তি পেতেরি ওরপো-র সঙ্গে কথা বলেন। সুস্থিতি ও ডিজিটালাইজেশন ক্ষেত্রে সহযোগিতা, এ আই গবেষনা এবং কিভাবে ভারতীয় দক্ষতা দ্বিপাক্ষিক সম্পর্ক আরো শক্তিশালী করবে তা নিয়ে দুই নেতা আলোচনা করেন।

প্রধানমন্ত্রী সার্বিয়ার রাষ্ট্রপতি আলেকজান্ডার ভুচিকের সঙ্গে বৈঠকে বসেছেন।

এরপর শ্রী মোদীর ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রী আন্দ্রেজ প্লেঙ্কোভিচ, এস্তোনিয়ার রাষ্ট্রপতি আলার কারিস, ভুটানের প্রধানমন্ত্রী দাসো শেরিন তোবগে এবং কাজাখস্তানের প্রধানমন্ত্রী ওলজাস বেকতেনকোভের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে।

অন্যদিকে শ্রী মোদী আজ সকালে গুগলের সিইও সুন্দর পিচাইয়ের সঙ্গেও সাক্ষাৎ করেন। এই শিখর সম্মেলনে যোগ দিতে শ্রী পিচাই-ও বর্তমানে নতুন দিল্লীতে রয়েছেন।

-----------------

নতুন দিল্লীতে আয়োজিত এ আই ইম্প্যাক্ট সামিটে যোগ দিতে আজও একাধিক বিশ্ব নেতৃত্ব ভারতে আসছেন। স্পেনের রাষ্ট্রপতি পেড্রো স্যাঞ্চেজ, সেশেলসের উপরাষ্ট্রপতি সেবেস্তিয়ান পিল্লায় এবং মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলাম আজ জাতীয় রাজধানীতে পৌঁছান। সামাজিক মাধ্যমের এক বার্তায় বিদেশ মন্ত্রক জানিয়েছে, ভারত – স্পেন ঐতিহ্য, পর্যটন এবং এ আই ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা সম্পর্ক উদযাপনের অঙ্গে হিসেবেই স্যাঞ্চেজের এই সফর। সেশেলসও ভারতের নিকট এবং দীর্ঘ দিনের সামূদ্রিক সহযোগী দেশ। মন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রী রামগুলামের সফর ভারত ও মরিশাসের অংশীদারীত্বকে আরো শক্তিশালী করবে। ডিজিটাল সহযোগিতা দুদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের অন্যতম স্তম্ভ বলেও মন্ত্রক জানিয়েছে।

স্লোভাক রিপাবলিকের রাষ্ট্রপতি পিটার পেল্লেগ্রিনিও নতুন দিল্লী পৌঁছেছে। বিমানবন্দরে প্রতিমন্ত্রী ডঃ জীতেন্দ্র সিং তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। বিদেশমন্ত্রক জানিয়েছে, এই শিখর সম্মেলনে রাষ্ট্রপতি পেল্লেগ্রিনির উপস্থিতি ভারত ও স্লোভাকিয়ার নিবিড় সহযোগিতা আরো বাড়াবে।

-----------------

এ আই ইমপ্যাক্ট সামিট ২০২৬-এর তৃতীয় দিনে, একটি গবেষণামূলক আলোচনাচক্র আয়োজিত হবে। এস্তোনিয়ার রাষ্ট্রপতি অ্যালার কারিস, ইলেকট্রনিক্স এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এবং তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ আলোচনা করবেন।

-----------------

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, বাস্তব সমস্যা সমাধানের জন্য ভারত কৃত্রিম মেধা বা এইআই-এর ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। তিনি আজ ভারত এআই শীর্ষ সম্মেলনের তৃতীয় দিনে রিসার্চ সিম্পোজিয়ামের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। শ্রী বৈষ্ণো বলেন, ভারত উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি স্বাস্থ্য, কৃষি ও জলবায়ু পরিবর্তনের মত বিভিন্ন চ্যালেঞ্জের মোকাবিলার লক্ষ্যে এআই-এর ব্যবহারকে অগ্রাধিকার দিচ্ছে।

বাইট

এর আগে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে কৃত্রিম মেধা শিখর সম্মেলনের দ্বিতীয় দিনে গতকাল ওয়েভস ক্রিয়েটার কর্ণারের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, ওয়েভ এক্স, ওয়েভ বাজার, ক্রিয়েট ইন ইন্ডিয়া চ্যালেঞ্জ সহ মন্ত্রকের বিভিন্ন গুরুত্বপূর্ণ উদ্যোগের মোকাবিলায় এই ওয়েভস ক্রিটেয়ার কর্ণার উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে।

শ্রী বৈষ্ণো প্যাভিলিয়ান ঘুরে দেখার পাশাপাশি ওয়েভ এক্স স্টার্টআপের এন্টারপ্রেনিয়ার এবং অ্যাডোব, নেটফ্লিক্স, সোনি ও আমাজনের মত আন্তর্জাতিক সংস্থার পদস্থ নেতৃবৃন্দের সঙ্গেও মত বিনিময় করেন। তিনি জানান, এই মঞ্চে বিশেষজ্ঞদের মত-বিনিময়, চলচ্চিত্র নির্মাতাদের মাস্টার ক্লাস এবং বিশ্ব নেতৃবৃন্দের কারিগরি কর্মশালার আয়োজন করা হবে।

----------------

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI নিয়ন্ত্রণ করা তাদের কাজ নয়। তবে রাষ্ট্রসংঘ প্রতি বছর একটি গ্লোবাল ডায়লগের আয়োজন করবে, যেখানে সরকার, বেসরকারি ক্ষেত্র ছাড়াও সাধারণ নাগরিকেরা অংশ নেবে।

নতুন দিল্লিতে ভারত এআই ইমপ্যাক্ট সামিটে যোগ দিতে আসার আগে একটি সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে, গুতেরেস জানান, গ্লোবাল ডিজিটাল কমপ্যাক্টের আওতায় তিনটি উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে ৪০ জন আন্তর্জাতিক বিশেষজ্ঞকে নিয়ে একটি স্বাধীন বৈজ্ঞানিক প্যানেল গঠন। এই প্যানেল কৃত্রিম বুদ্ধিমত্তার অগ্রগতি ও ঝুঁকি নিয়ে বৈজ্ঞানিক মূল্যায়ন দেবে, যাতে বিভিন্ন দেশের সরকার সঠিক নীতি নির্ধারণ করতে পারে।

গুতেরেস উন্নয়নশীল দেশগুলির এআই সক্ষমতা গড়ে তুলতে সাহায্য করার জন্য সর্বোচ্চ তিন বিলিয়ন মার্কিন ডলারের একটি আন্তর্জাতিক তহবিল গঠন করার প্রস্তাব দিয়েছেন ।

নতুন দিল্লি সফরে রাষ্ট্রসংঘ মহাসচিব এআই ইমপ্যাক্ট সামিটে ভাষণ দেবেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন এবং পুনর্নবিকরন যোগ্য জ্বালানি ও আন্তর্জাতিক ডিজিটাল সহযোগিতা নিয়ে আলোচনায় অংশ নেবেন।

-----------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ আজ বিশাখাপত্তনমে সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসেবে ইন্টারন্যাশনাল ফ্লিট রিভিউ IFR প্রত্যক্ষ করছেন। সেখানেই পৌঁছানোর পর রাষ্ট্রপতিকে পূর্বাঞ্চলীয় নৌ কম্যান্ডের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে গার্ড অব ওনার প্রদান করা হয়।

স্বাগত জানান নৌ বাহিনীর বরিষ্ঠ আধিকারিকরা। অনুষ্ঠানের শুরুতেই ধ্বনিত হয় জাতীয় সংগীত।

রাষ্ট্রপতির ইয়চট আই এন এস সুমেধায় চড়ে রাষ্ট্রপতি মুর্মু, বিশাখাপত্তনমের উপকূলে ভারত ও বৈদেশিক নৌ জাহাজের মহড়া প্রত্যক্ষ করেন। যুদ্ধজাহাজ, ডুবো জাহাজ, নৌ বাহিনীর বিমান, সামুদ্রিক ভেসেল, তল্লাশী ও উদ্ধারকারী হেলিকপ্টার এই মহরায় অংশ নেয়। সামুদ্রিক নিরাপত্তা বাড়ানো এবং মিত্র দেশগুলির সঙ্গে সামুদ্রিক সহযোগিতা বৃদ্ধির উদ্দেশ্যেই এই IFR এর আয়োজন করা হয়েছে। অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল এস আব্দুল নাজের, মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু, কেন্দ্রীয় মন্ত্রী কে রাম মোহন নাইডু, চীফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহ্বান এবং অন্য বরিষ্ঠ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এবারেও  সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

----------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় "বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা"। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায় এর সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

----------------

নির্বাচন কমিশন আজ ১০ টি রাজ্যে, রাজ্যসভার ৩৭ টি আসনের জন্য ভোটগ্রহণ সূচী ঘোষণা করেছে। আগামী ২৬ শে ফেব্রুয়ারি এই নির্বাচনের জন্য আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে। মনোনয়ন পত্র পেশ করা যাবে পাঁচই মার্চ পর্যন্ত। ৬ই মার্চ জমা পড়া মনোনয়নপত্র গুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৯ ই মার্চ। ১৬ ই মার্চ ভোট নেওয়া হবে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, সকাল ৯ টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত ভোট নেওয়া হবে। ঐদিনই  বিকেল পাঁচটা থেকে ভোট গণনার কাজ শুরু হবে।

উল্লেখ্য, কেন্দ্রীয় মন্ত্রী রামনাথ ঠাকুর, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, এনসিপি নেতা শরদ পাওয়ার, তৃণমূল কংগ্রেসের সাকেত গোখেল, ঋতব্রত বন্দ্যোপাধ্যায় এবং সুব্রত বক্সি, সিপিআইএম-এর বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য, এবং রাজ্যসভা থেকে ইস্তফা দেওয়া মৌসম বেনজির নূরের কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে আগামী দোসরা এপ্রিল।

----------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ এক দিনের সফরে পশ্চিমবঙ্গে আসছেন। কলকাতায় পৌঁছানোর পর, শ্রী শাহ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের ১৫২ তম জন্মবার্ষিকী উদযাপনের জন্য নদিয়ার মায়াপুরে ইসকনের সদর দপ্তরে যাবেন। সেখানে, স্বরাষ্ট্রমন্ত্রী জয়পতাকা স্বামী মহারাজের সঙ্গে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে যোগ দেবেন এবং মন্দির প্রাঙ্গণে আয়োজিত একটি জনসমাবেশে ভাষণ দেওয়ায় কর্মসূচি রয়েছে।

----------------

বিদেশমন্ত্রী ডক্টর সুব্রহ্মনিয়ম জয়শঙ্কর, বাংলাদেশের বিদেশমন্ত্রী হিসেবে শপথগ্রহণের জন্য ডক্টর খলিলুর রহমানকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় ডক্টর জয়শঙ্কর বলেন, পারস্পারিক অগ্রগতি ও সমৃদ্ধির জন্য ভারত বাংলাদেশ সহযোগিতা আরও সম্প্রসারিত করতে ডক্টর রহমানের সঙ্গে একযোগে কাজ করার জন্য তিনি অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

----------------

বাংলাদেশের নবনির্বাচিত ১৩তম জাতীয় সংসদের সদস্যরা প্রস্তাবিত সাংবিধানিক সংস্কার পরিষদের সদস্য হিসেবে অতিরিক্ত শপথ নেওয়া নিয়ে মতবিরোধে জড়িয়ে পড়েন। বাংলাদেশ ন্যাশনাল পার্টি - বিএনপি'র সংসদ সদস্যরা শুধুমাত্র সংসদ সদস্য হিসেবে জাতীয় সংসদ ভবনে শপথ নেন, তবে দ্বিতীয় অঙ্গীকার পাঠ করতে অস্বীকৃতি জানান। দলীয় নেতারা বলেন, তারা সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন, পরিষদের সদস্য হিসেবে নয়। তাদের দাবি, প্রথমে সংসদীয় প্রক্রিয়ার মাধ্যমে পরিষদকে সংবিধানে অন্তর্ভুক্ত করতে হবে।

বিএনপি'র পাশাপাশি নির্দল প্রার্থী ও ছোট দলের কয়েকজন নেতা, যেমন নুরুল হক নুর ও জোনায়েদ সাকি, সংস্কার পরিষদের শপথ গ্রহণ থেকে বিরত থাকেন। অন্যদিকে, প্রধান নির্বাচন কমিশনার পরিচালিত শপথ গ্রহণ অনুষ্ঠানে বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ন্যাশনাল সিটিজেন পার্টির সংসদ সদস্যরা সংসদীয় শপথের পাশাপাশি সংস্কার পরিষদের শপথও গ্রহণ করেন ।

এই মতবিরোধ সম্প্রতি অনুষ্ঠিত গণভোটের পর শুরু হয়েছে , যেখানে সাংবিধানিক সংস্কারকে সমর্থন দেওয়া হয়েছে এবং জুলাই জাতীয় চার্টারে সংস্কার পরিষদ গঠনের প্রস্তাব রাখা হয়েছে। বিএনপি জানিয়েছে, তারা সংস্কারের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, তবে পরিবর্তনগুলো প্রথমে সংসদে আইনগতভাবে গৃহীত হতে হবে। আইন বিশেষজ্ঞরাও প্রশ্ন তুলেছেন, সংবিধানে আনুষ্ঠানিকভাবে স্বীকৃত নয় এমন একটি পরিষদের জন্য আলাদা শপথ গ্রহণের সাংবিধানিক বৈধতা নিয়ে। এতে ভবিষ্যতে আদালতে চ্যালেঞ্জের সম্ভাবনা তৈরি হয়েছে।

----------------

পাকিস্তানের একটি জেলা ও দায়রা আদালত প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের বিরুদ্ধে দায়ের করা পাঁচটি মামলায় তাঁর আগাম জামিনের মেয়াদ বাড়িয়েছে। এর মধ্যে একটি মামলা প্রাক্তন মন্ত্রী মোহসিন শাহনাওয়াজ রাঞ্জাহকে হত্যার চেষ্টার অভিযোগ সম্পর্কিত। জেলা ও সেশন বিচারক মোহাম্মদ আফজাল মাজোকা নির্দেশ দিয়েছেন, আগামী শুনানিতে ইমরান খানকে—সরাসরি অথবা ভিডিও লিঙ্কের মাধ্যমে অবশ্যই হাজির করতে হবে । আদালত আরও জানিয়েছে, পরবর্তী কার্যক্রম না হওয়া পর্যন্ত পুলিশ ইমরানকে যেন গ্রেফতার না করে। আগামী বুধবার পর্যন্ত শুনানি স্থগিত করা হয়েছে ।

এদিকে, আগের নির্দেশ সত্ত্বেও আজকের শুনানিতে ইমরান খানকে ভিডিও লিঙ্কের মাধ্যমে আদালতে হাজির করা হয়নি এবং তাঁর আইনজীবীও উপস্থিত ছিলেন না। ফলে তাঁর মুক্তির আবেদন নিয়ে কোনো শুনানি সম্ভব হয়নি।

অন্যদিকে, বুশরা বিবির বিরুদ্ধে জাল নথি জমা দেওয়ার অভিযোগে পৃথক মামলা দায়ের করা হয়েছে। সংশ্লিষ্ট মামলায় তাঁর আগাম ও অন্তর্বর্তীকালীন জামিনের মেয়াদ বাড়িয়েছে আদালত ।

----------------

জাপানের প্রধানমন্ত্রী সানে তাকাইচি আজ তাঁর মন্ত্রিসভাসহ পদত্যাগ করেছেন। তাকাইচি প্রশাসনের মন্ত্রিপরিষদের সদস্যরা মন্ত্রিসভার বৈঠকে একত্রে পদত্যাগপত্র জমা দিয়েছেন। আজ বিকেলে নতুন প্রধানমন্ত্রী নির্বাচনের জন্য সংসদ নতুন অধিবেশন ডাকবে। ক্ষমতাসীন লিবারেল ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট তাকাইচিকে প্রধানমন্ত্রী হিসেবে পুনর্বহাল করা হবে বলে আশা করা হচ্ছে। উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারিতে দুই-তৃতীয়াংশেরও বেশি আসন পেয়ে তাঁর দল ক্ষমতায় আসে।

-----------------

কুনো জাতীয় উদ্যানে দক্ষিণ আফ্রিকার চিতা জেমিনি, তিনটি শিশুর জন্ম দিয়েছে। এই নিয়ে দেশে চিতার সংখ্যা বেড়ে দাঁড়ালো ৩৮। সামাজিক মাধ্যমের এ খবর ভাগ করে নিয়ে পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব জানান, ভারতে জন্ম নিয়ে বেঁচে থাকা চিতার সংখ্যা এই মুহূর্তে ২৭। মন্ত্রী বলেন, জেমিনি এই নিয়ে দ্বিতীয়বার মা হলো। দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে আনা চিতার সন্তান জন্মের প্রতিটি সফল পদক্ষেপ দেশে প্রজেক্ট চিতার ক্ষমতাকে আরো শক্তিশালী করে তুলছে।

উল্লেখ্য, ২০২২-২৩ সালে নামিবিয়া ও দক্ষিণ আফ্রিকা থেকে ২০ টি চিতা দেশে আনা হয়েছিল।

---------------- -----------------